

বার্ষিক প্রতিবেদন ২০১৫-১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

বাৰ্ষিক প্রতিবেদন ২০১৫-১৬

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

প্রকাশকাল : অক্টোবর ২০১৬

প্রকাশক :

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

প্রচ্ছদ :

মোস্তফা কামাল
উপপরিচালক
বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়।

মুদ্রণ :

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা-১২০৮

‘ডিজিটাল বাংলাদেশবিনির্মাণে’
দেশের উন্নয়ন, মানসম্মত মুদ্রণ ও প্রকাশনা সুবিধা নিশ্চিতকরণ
এবং
উন্নত দেশ গড়ার অংশিদারীতে যথাযথ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে
সরকারের অঙ্গীকারসমূহ বাস্তবায়নে দৃঢ় প্রতিজ্ঞ।

উদ্দেশ্য

উন্নত প্রযুক্তির সমন্বয়ে, সুলভ মূল্যে
মানসম্মত ও গ্রহণযোগ্য
সরকারের মুদ্রণ ও প্রকাশনা সেবা প্রদান।

সূচিপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নং
১।	বাণী	১
২।	সম্পাদকীয়	৩
৩।	মুখবন্ধ	৪
৪।	অধিদপ্তরের সাধারণ উদ্দেশ্যাবলী	৬
৫।	অধিদপ্তর গঠন ও বর্তমান অবস্থা	৭
৬।	অধিদপ্তরের কার্যক্রম	১২
৭।	প্রধান কার্যালয়	১৯
৮।	বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)	২৮
০৯।	গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস (জিপি প্রেস)	৫২
১০।	বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয় (বিএসপিপি)	৬৫
১১।	বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস (বিএফপিও)	৭১
১২।	বাংলাদেশ স্টেশনারী অফিস (বিএসও)	৭৬
১৩।	আঞ্চলিক অফিস সমূহ	৮০
১৪।	অধিদপ্তর কর্তৃক প্রক্রিয়াধীন ডিজিটাল প্রেস মেশিন ক্রয় প্রকল্প	৯১
১৬।	সিটিজেন চার্টার	৯২
১৭।	অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো	৯৩
১৮।	উপসংহার	৯৪
১৯।	পরিশিষ্ট	৯৫



ড. কামাল আবদুল নাসের চৌধুরী

সিনিয়র সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

সরকারি জনগুরুত্বপূর্ণ গোপনীয় মুদ্রণসহ সকল সরকারি আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নিত্যকর্ম পরিচালনায় ব্যবহার্য অত্যাৱশ্যকীয় ফরমসসহ মুদ্রণ সংশ্লিষ্ট যাবতীয় কার্যাদি সম্পাদন এবং সরকারি দপ্তরে স্টেশনারি ও অফিস সরঞ্জামাদি সরবরাহের লক্ষ্যে ১৯৭২ সালে মুদ্রণ লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা পরিদপ্তর প্রতিষ্ঠিত হয়েছিল।

ক্রমবর্ধমান চাহিদার সমান্তরালে প্রতিষ্ঠানটির কর্মকাণ্ড আকারে প্রকারে বিস্তৃত হতে থাকে। সেই সাথে কাঠামোগত সম্প্রসারণ সাধিত হয়। সময়ের চাহিদা পূরণার্থে এখন এটি একটি পূর্ণাঙ্গ অধিদপ্তর হিসেবে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরে রূপান্তরিত।

অত্যাধুনিক মুদ্রণ যন্ত্র, মানসম্মত মুদ্রণ সামগ্রী ব্যবহার, দক্ষ ও প্রশিক্ষিত জনবলের সুশৃঙ্খল পরিচালনা কাজের গুণগতমান সময়ানুগতা এবং প্রযোজ্য ক্ষেত্রে কঠোর গোপনীয়তা, নিশ্চিদ্র নিরাপত্তা এ সব কিছু প্রতিষ্ঠানটিকে অনন্য উচ্চতায় সমাসীন করেছে। এছাড়া সরকারি দপ্তর সমূহের জন্য মান সম্পন্ন স্টেশনারি ও অফিস সরঞ্জামাদির সময়ানুগতা সংগ্রহ এবং বিতরণ, দপ্তর সমূহের কাজে সাচ্ছন্দ আনয়নের মাধ্যমে সুশাসনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

সরকারের উন্নয়ন অগ্রযাত্রায় গর্বিত অংশীদার মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর গত বছরের সম্পাদিত কার্যাবলীর বিবরণ সম্বলিত (২০১৫-২০১৬) অর্থ বৎসরের সমন্বিত বার্ষিক প্রতিবেদন (Annual Report) প্রকাশিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। আশাকরি প্রতিষ্ঠানে অন্তর্ভুক্ত তথ্যাদি অধিদপ্তরের কাজ সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে সুস্পষ্ট ধারণাদেয়ার পাশাপাশি স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় সহায়ক হবে।

ড. কামাল আবদুল নাসের চৌধুরী

সিনিয়র সচিব



মহাপরিচালক
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
জনপ্রশাসন মন্ত্রণালয়

বাণী

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর ২০১৫-১৬ অর্থবছরে সম্পাদিত কর্মসূচি ও অর্জনের পাশাপাশি ভবিষ্যত কর্মপরিকল্পনার কার্যক্রম নিয়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করেছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। প্রত্যাশা রাখি এ প্রকাশনায় অধিদপ্তরের সর্বশেষ তথ্য সম্মিলিত চিত্রসহ দেশের উন্নয়নে এ খাতের ইতিবাচক প্রভাব সম্পর্কে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদানে সমর্থ হবে।

দেশের নাগরিক সেবা সহজীকরণে এ অধিদপ্তরের গুরুত্ব অপরিসীম। ডিজিটাল বাংলাদেশের ২০০৯ সালের যাত্রা আজ অনেকাংশ পূরণ হয়েছে। মুদ্রণ, লেখ-সামগ্রী, ফরম ও প্রকাশনা পরিদপ্তর তিনটি প্রেস ও দুইটি অফিসের সমন্বয়ে কাজ পরিচালিত হলেও কাজের পরিধি বৃদ্ধিকরণের দিকে বিবেচনা করে ২০০৫ সালে অধিদপ্তরে উন্নীতকরণ করা হয়। এই প্রতিবেদন ২০১৫-১৬ অর্থ বছরের মুদ্রণ ও প্রকাশনা সম্পর্কে সকলকে সম্যক ধারণা প্রদান ও তথ্যকোষ হিসেবে বিবেচিত হবে। একটি স্পষ্ট ধারণা, স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় তৃতীয়বারের মতো প্রকাশিত এই বার্ষিক প্রতিবেদন সহায়ক ভূমিকা পালন করবে। নতুন, উন্নত ও আধুনিক মুদ্রণ ও প্রকাশনা সেবার ব্যবহার ও প্রসারে এবং সুলভে সকলের দোরগোড়ায় পৌঁছে দিতে এ অধিদপ্তর আরো দৃঢ় তৎপর থাকবে। অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারী সততা, দক্ষতা ও আন্তরিকতার সঙ্গে স্বজনপ্রীতি ও দুর্নীতির উর্ধ্বে থেকে স্বীয় অর্পিত দায়িত্ব পালন করবেন এবং প্রযুক্তিশীল আধুনিক বাংলাদেশ গড়ার অগ্রপথিক হয়ে কাজ করবে।

আমি মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ২০১৫-১৬ প্রকাশনার সাফল্য কামনা করি।

(বেগম ভিকারুন নেছা)

মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)



পরিচালক

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
জনপ্রশাসন মন্ত্রণালয়

সম্পাদকীয়

সমসাময়িক বিশ্বের সাথে তাল মিলিয়ে দেশকে উন্নীত করার লক্ষ্যে সরকারের নানাবিধ সেবা দ্রুত ও সহজীকরণের প্রচেষ্টা বেগবান। সরকারের উন্নয়নের গতিধারাকে টেকসই করতে মুদ্রণ ও প্রকাশনার উপর সমধিক গুরুত্ব প্রদান করেছে। এ অধিদপ্তরে দুর্নীতি দমন প্রয়োগের সাথে সাথে নৈতিকতার উৎকর্ষ উদ্বুদ্ধ করণের নানাবিধ প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করেছে।

প্রতিষ্ঠানের জবাবদিহিতার একটি অন্যতম মাধ্যম হচ্ছে বার্ষিক প্রতিবেদন প্রকাশ। বাৎসরিক কার্যক্রম ও সাফল্যের প্রতিবিশ্ব ফুটে উঠে প্রতিষ্ঠানের বার্ষিক প্রতিবেদনের মাধ্যমে। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ও সম্পাদিত ২০১৫-১৬ অর্থ বছরের কার্যক্রম ও সাফল্যের একটি সংক্ষিপ্ত বিবরণী তুলে ধরা হয়েছে যা ভিশন, মিশন, সাফল্য ও কার্যক্রম সম্পর্কে স্বচ্ছ ধারণা পাঠকগণ প্রতিবেদনটি থেকে জানতে পারবে এবং জনসাধারণের নিকট ইহার জবাবদিহিতার একটি বহিঃপ্রকাশ ঘটেছে।

বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে সরকারের কাজের গতি ও মান বৃদ্ধিকরণে গুরুত্বপূর্ণ চাহিদা উন্নতমানের মুদ্রণ, সময়মত মুদ্রণ, চাহিদামত মুদ্রণ ও প্রকাশসহ অন্যান্য স্টেশনারী সামগ্রীর সরবরাহের উপর চাপ বাড়ছে। এ অগ্রযাত্রায় অগ্রণী ভূমিকা পালনে অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীর সম্মিলিত প্রয়াসে বর্তমান ও ভবিষ্যৎ এর জন্য একটি সুন্দর ও নির্ভরযোগ্য মুদ্রণ ও প্রকাশনায় অঙ্গীকারবদ্ধ।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মানিত সচিব এবং মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় এ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদনের তাৎপর্য তুলে ধরে মূল্যবান বাণী প্রদান করার আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। যে সকল কর্মকর্তা/কর্মচারী তথ্য প্রদান করে প্রতিবেদনটি সমৃদ্ধ করেছে তারা সকলে ধন্যবাদার্থ।

(মুহাম্মাদ আল-আমীন)

(যুগ্মসচিব)

পরিচালক ও আহবায়ক
বার্ষিক প্রতিবেদন প্রণয়ণ কমিটি



প্রোগ্রামার
সহকারী পরিচালক (অঃ দাঃ)
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

মুখবন্ধ

মুদ্রণ, প্রকাশনা ও স্টেশনারীজ সেবা প্রসারসহ অন্যান্য অর্থনৈতিক কর্মকান্ড দেশের সার্বিক উন্নয়নের ইতিবাচক প্রভাব ফেলে। উন্নত ও দ্রুত সময়ে প্রকাশনা মানুষের জীবন যাত্রাকে গতিশীল করেছে। বৃটিশ শাসনামলে অষ্টাদশ শতাব্দীর মাঝামাঝি থেকে কলকতার সরকারের মুদ্রণ কাজের জন্য লেটার প্রেসের যাত্রা শুরু হলেও আধুনিকতার ছোঁয়ায় গত শতাব্দীর আশির দশক থেকে অফসেট প্রিন্টিং মেশিনে মুদ্রণের কার্যক্রম চলে আসছে। ব্রিটিশ সরকারের কাজের চাহিদাক্রমে ১৯৪৭ সালে কলকতা প্রেসের একটি শাখা ঢাকায় স্থাপিত করা হয় “বেঙ্গল গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস” নামে যা বর্তমানে বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস) নামে পরিচিত। ভারত-পাকিস্তান স্বাধীনতা লাভের পর পাকিস্তান কেন্দ্রীয় সরকারের প্রেস হিসেবে ১৯৫৬ সালে ঢাকায় গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস নামে একটি প্রেস চালুকরে তা বর্তমান স্বাধীন বাংলাদেশে একই নামে প্রেসটি সচল আছে।

স্বাধীনতার পর ১৯৭২ সালে মুদ্রণ ও প্রকাশনা কাজের নিয়ন্ত্রণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ধীন মুদ্রণ, লেখ-সামগ্রী, ফরম ও প্রকাশনা পরিদপ্তরের সৃষ্টি, তবে কাজের গতিশীলতা, পরিধির উপর বিবেচনা করে ২০০৫ সালে এ পরিদপ্তরকে অধিদপ্তরে উন্নীত করণ করা হয় এবং ২০১০ সালে মুদ্রণ, লেখ-সামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তরের নাম সহজীকরণের লক্ষ্যে ‘মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর’ নামকরণ করা হয়।

মূলত এ অধিদপ্তর একটি মুদ্রণ ও প্রকাশনা সংক্রান্ত সেবা প্রদানকারী সরকারি সংস্থা। কাজের ধরন অনুযায়ী অধিদপ্তরের কার্যক্রমকে কয়েকটি প্রধান অফিস/প্রেসে বিভক্ত করা হয় এ গুলো হলোঃ বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস), গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস (জিপি প্রেস), বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয় (বিএসপিপি), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস (বিএফপিও), বাংলাদেশ স্টেশনারী অফিস (বিএসও) এবং ৭টি আঞ্চলিক অফিস।

বর্তমান সরকার প্রেসের সংরক্ষণ, উন্নয়ন ও আধুনিকায়নে অত্যন্ত আন্তরিক। সরকারের লক্ষ্য বাস্তবায়নে এ অধিদপ্তর কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক কার্যক্রম গ্রহণ করেছে। সরকারের প্রকাশনা ও মুদ্রণের মানোন্নয়নে ২০১৫-১৬ অর্থ বছরে এ অধিদপ্তর কর্তৃক সম্পাদিত কার্যসমূহের মধ্যে গুরুত্বপূর্ণ কার্যসমূহের বর্ণনা এ প্রতিবেদনে বর্ণনা করা হয়েছে।

এ অধিদপ্তরের নিরলস প্রচেষ্টার ফলে সরকারের সকল মন্ত্রণালয় ও অফিসসমূহে মুদ্রণ ও স্টেশনারী সামগ্রী সময়মত সরবরাহ করা হচ্ছে। দেশের অর্থনৈতিক ও মানোন্নয়নে এটি তাৎপর্যবহ একটি প্রত্যক্ষ অবদান। সরকারের কাজের গোপনীয়তা রক্ষার্থে গোপনীয় শাখা খোলা হয়েছে ফলে অত্যন্ত গোপনীয়তা রক্ষা করে সংবেদনশীল প্রকাশনাসমূহ মুদ্রণ করা হয়, যার ফলে সরকারের কাজের গ্রহণযোগ্যতা বৃদ্ধি লাভ করেছে। মানসম্মত নির্ভরযোগ্য ও সুলভ মূল্যে সেবা প্রদানে এখন এ অধিদপ্তর ব্রত। এ জন্য সেবার গুণগত মানোন্নয়নে নতুন ডিজিটাল যন্ত্রপাতি ক্রয়, পর্যাণ্ড প্রশিক্ষণ, ই-ফাইলিং, ই-টেভার, বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির বাস্তবায়নের কাজ প্রক্রিয়াধীন। যার ফলাফলের ভিত্তিতে গ্রাহকদের আরো উন্নত সেবা প্রদান সম্ভব হবে বলে আমার বিশ্বাস। বামেলাহীন ও দ্রুত সেবা পৌঁছে দেবার লক্ষ্যে অনলাইন রিকুইজিশন সিস্টেম, মুদ্রণসামগ্রী ওয়েবসাইটে প্রকাশ, এসএমএস এর মাধ্যমে মুদ্রিত কাজের তথ্য জানানোর প্রক্রিয়া চলমান। অভিযোগ গ্রহণ সহজ ও সাবলীল করতে বিশেষ নির্দিষ্ট মোবাইল নম্বর, ওয়েব বক্স, ডাকযোগ গ্রহণ ও ই-মেইল খোলা প্রক্রিয়াধীন। সেবার মান কিভাবে বৃদ্ধি করা যায় সে লক্ষ্যে ইনোভেশন টিম বিশ্লেষণ করে উত্তর উত্তর কাজ করছে।

মানসম্মত মুদ্রণ ও প্রকাশনা সেবা প্রসারের পাশাপাশি নিরাপদ ও সুষ্ঠু সেবা প্রদানেও ডিপিপি প্রতিশ্রুতিবদ্ধ। দরপত্র আহ্বানে প্রভাবমুক্ত, স্বচ্ছতা ও জবাব দিহিতার লক্ষ্যে সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) এর তত্ত্ববধানে ই-জিপি নিবন্ধন সম্পন্ন করা হয়েছে এবং এ সংক্রান্ত ৫ জনকে বিশেষ প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

বিভিন্ন আদালতে বিদ্যমান সকল মামলা নিষ্পত্তির লক্ষ্যে বিভিন্ন কার্যকর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কাজের পরিধি বৃদ্ধিতে অফিস বিল্ডিং সম্প্রসারণসহ আরো তিনটি আঞ্চলিক অফিস সৃজন করা হয়েছে। আইসিটি সেলে কর্মকর্তা নিয়োগের পাশাপাশিসহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকরণের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে বছরে ৬০ ঘন্টা প্রশিক্ষণসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। পেপার টেস্টিং ল্যাব প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রধান কার্যালয়সহ অফিস/প্রেসসমূহের আবাসিক ভবন নির্মাণ, ৬টি আঞ্চলিক অফিসের নিজস্ব ভবন নির্মাণ, এবং ই-ফাইলিং সিস্টেম চালুকরণের লক্ষ্যে ইন্টারনেট ব্যান্ডউইথ বৃদ্ধিকরণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। প্রধান কার্যালয়কে WiFi ইন্টারনেট প্রযুক্তির আওতায় আনা হয়েছে এবং পর্যায়ক্রমে সকল অফিস/প্রেসসমূহে আনা হবে। এ অধিদপ্তরের আইন শৃঙ্খলা রক্ষা ও কাজের গতিকে ত্বরান্বিত করণের জন্য প্রতি সপ্তাহের সোমবার ও প্রতিমাসের ১০ তারিখে মহাপরিচালকের সভাপতিত্বে সভা পরিচালনা অব্যাহত আছে।

বিগত ২০১৫-১৬ অর্থবছরে ডিপিপি নেয়া এরূপ সকল কর্মকান্ড, অর্জন ও অগ্রগতির চিত্র তুলে ধরে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পেরে আমি স্বস্তি অনুভব করছি। এতে মুদ্রণ ও প্রকাশনা খাতে গত এক বছরের সফলতা, গতি-প্রকৃতি তুলে ধরা হয়েছে, প্রকাশ করা হয়েছে ভবিষ্যৎ কর্মধারার চিত্র। আমার দৃঢ় বিশ্বাস দেশের জনগণের প্রত্যাশা অনুসারে বিশ্বের উন্নত প্রযুক্তির প্রয়োগে মুদ্রণ সেবা প্রদানে শীঘ্রই সমর্থ হবে। এই বার্ষিক প্রতিবেদনে পরিবেশিত তথ্য নীতিনির্ধারক, বিশেষজ্ঞ, গণমাধ্যম এবং সর্বোপরি সাধারণ গ্রাহকের চাহিদা মেটাতে সমর্থ হবে এবং সংশ্লিষ্ট সকলে উপকৃত হবেন। আমি এটি প্রকাশের সঙ্গে জরিতদেরসহ অধিদপ্তরের সর্বস্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীকে আন্তরিক ধন্যবাদ জানাই এবং সকলের জন্য একটি সমৃদ্ধ ও জ্ঞানভিত্তিক ‘ডিজিটাল বাংলাদেশ’ গড়ার লক্ষ্যে সরকার এবং যার যার অবস্থান থেকে স্বীয় ভূমিকা পালন করবেন এই প্রত্যাশা রাখি।

(মোঃ মাসুদুল হক ভূঁইয়া)
(প্রোগ্রামার)
সহকারী পরিচালক (অঃদাঃ)
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

অধিদপ্তরের সাধারণ উদ্দেশ্য

দেশের আর্থসামাজিক উন্নয়ন ত্বরান্বিত এবং সুসংহত করণের লক্ষ্যে জনগণের জন্য একটি নির্ভরযোগ্য, যুক্তিসঙ্গত, ব্যয় সাপেক্ষ ও আধুনিক মানের মুদ্রণ সেবা প্রদানে এ অধিদপ্তরের যাত্রা। সঠিক পরিকল্পনা, দক্ষ ব্যবস্থাপনা, আধুনিক প্রযুক্তি প্রয়োগ ও মানবসম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে মুদ্রণ ও প্রকাশনা কার্যক্রমকে বিশ্বমাণে উন্নতীকরণসহ গ্রাহক সেবার মান নিশ্চিত করা।

১. সর্বোচ্চ গোপনীয়তা রক্ষা করে সরকারের কার্যক্রমসমূহ দক্ষতা, বিশ্বস্ততা, দায়িত্বশীলতা ও কঠোর নিরাপত্তার সাথে সম্পাদন করা।
২. প্রয়োজনীয়তা ও অগ্রাধিকারের নিমিত্তে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, সংস্থা ও সাংবিধানিক প্রতিষ্ঠানগুলোর জনগুরুত্বপূর্ণ মুদ্রণ কাজ সম্পাদন করা।
৩. সাপ্তাহিক গেজেট ও অতিরিক্ত সংখ্যার গেজেটসমূহের চাহিদা সর্বোচ্চ গুরুত্ব দিয়ে প্রকাশের ব্যবস্থা করা।
৪. প্রকাশিতব্য তথ্যসমূহ জনসাধারণের জন্য নিয়মিত ওয়েবসাইটে up-load করা।
৫. সরকারের সকল অফিসে মুদ্রণ ও স্টেশনারী মালামাল সুষ্ঠু ব্যবহার ব্যবস্থাপনা, বন্টন ও যথাযথ সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা।
৬. সকল ষ্ট্যাণ্ডার্ড, নন-ষ্ট্যাণ্ডার্ড ফরম, সরকারি জার্নাল, প্রকাশনা, বিধি, বই, গেজেট, প্রজ্ঞাপন ইত্যাদি মুদ্রণ ও সরবরাহ করা।
৭. সরকার কর্তৃক জারিকৃত আদেশ-নির্দেশ, নিয়ম-নীতি ও সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা।

অধিদপ্তর গঠন ও বর্তমান অবস্থা

মুদ্রণ ও প্রকাশনা ব্যবস্থার উন্নয়ন ও দক্ষ নিয়ন্ত্রণ এবং সরকারের গুরুত্বপূর্ণ প্রকাশনা ও মুদ্রণ সেবা নিয়ন্ত্রণের নিমিত্ত তৎকালীন সংস্থাপন মন্ত্রণালয়ের জারীকৃত Resolution No-G11/1p-13/72-1002, dated-30 August ১৯৭২ সালে মুদ্রণ, লেখ-সামগ্রী, ফরম ও প্রকাশনা পরিদপ্তর প্রতিষ্ঠা লাভ করে যার মাধ্যমে সরকারি সকল মুদ্রণ, প্রকাশনা ও স্টেশনারী মালামাল সরবরাহের সেবা প্রদানে গতি সঞ্চার হয় এবং ২০০৫ সালে সরকার প্রতিষ্ঠানটিকে অধিদপ্তরে উন্নীত করে। অধিদপ্তরের নাম সহজ করার লক্ষ্যে ২০১০ সালে মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তরকে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর (ডিপিপি) নামকরণ করা হয়।

ডিপিপি'র উপর অর্পিত দায়িত্বের মধ্যে সকল গোপনীয়তা রক্ষা করে সরকারের মুদ্রণ ব্যবস্থা সমুন্নত, পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও সেবা প্রদান সম্পর্কিত সমুদয় বিষয়াদি নিয়ন্ত্রণ। এ ছাড়া সেবা প্রদানকারী গ্রাহকের সেবার প্রাপ্যতা নিশ্চিতকরণ এবং মান সংক্রান্ত বিষয়ে স্বার্থ সংরক্ষণ করা। সরকারের প্রয়োজন সম্বন্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ, সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/প্রেস/অফিসের পক্ষ থেকে বিদ্যমান পীড়নমূলক বা বৈষম্যমূলক আচরণ নিয়ন্ত্রণে অধিদপ্তর দায়বদ্ধ।

গোপনীয়তা রক্ষার মাধ্যমে দেশের সকল শিক্ষাবোর্ডের প্রশ্নপত্র, পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র, সনদপত্র, ব্যাংকের চেক, সরকারি বাজেট, সংসদের কার্যবিবরণী, মহামান্য হাইকোর্টের কজলিস্ট এবং সকল সরকারি অফিস আদালতে ব্যবহার্য ফরম, বই, জার্নাল, প্রজ্ঞাপন ইত্যাদি মুদ্রণ ও সরবরাহ করা হয়। তাছাড়া সকল সরকারি অফিস আদালতসমূহে ব্যবহারের জন্য স্টেশনারী সরঞ্জামাদি সরবরাহ করা হয়।

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো অনুযায়ী বর্তমানে তিনটি প্রেস, দুটি অফিস ও সাতটি আঞ্চলিক অফিসের মাধ্যমে কার্যক্রম পরিচালিত হচ্ছে।

ডিপিপি'র প্রেস/অফিসসমূহ :

- (১) বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস) ;
- (২) গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস (জিপি প্রেস) ;
- (৩) বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয় (বিএসপিপি) ;
- (৪) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস ;
- (৫) বাংলাদেশ স্টেশনারী অফিস।

ডিপিপি'র আঞ্চলিক অফিসসমূহ :-

- (১) ঢাকা আঞ্চলিক অফিস,
- (২) চট্টগ্রাম আঞ্চলিক অফিস,
- (৩) খুলনা আঞ্চলিক অফিস,
- (৪) বগুড়া আঞ্চলিক অফিস,
- (৫) বরিশাল আঞ্চলিক অফিস,
- (৬) রংপুর আঞ্চলিক অফিস,
- (৭) সিলেট আঞ্চলিক অফিস।

অধিদপ্তরের জনবল নিয়োগ, পদোন্নতি, বদলী, প্রশিক্ষণ, অফিস ভবন রক্ষণাবেক্ষণ, প্রয়োজনীয় অফিস সরঞ্জামাদি ক্রয় ও রক্ষণাবেক্ষণ, যানবাহন ক্রয় ও রক্ষণাবেক্ষণ, আইটি কার্যক্রম, ভান্ডার ব্যবস্থাপনা, ডেসপাস নিয়ন্ত্রণসহ অধিদপ্তরের দৈনন্দিন প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করা। এছাড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে দৃঢ় তৎপর। নতুন নতুন প্রযুক্তি সম্পর্কে জানা এবং দ্রুত যোগাযোগ করার প্রয়োজনে ইন্টারনেট ব্যবহারের সুবিধার্থে অফিসের ভিতরে ওয়াইফাই (WiFi) সুবিধাও বিদ্যমান রয়েছে। অধিদপ্তরের ২৩৮৫ (দুই হাজার তিনশত পঁচাত্তর) টি পদ সম্বলিত অর্থানোগ্রাম রয়েছে। নিম্নে ৩০ জুন ২০১৬ পর্যন্ত বর্তমান জনবল এর বিবরণ উল্লেখ করা হলো।

পদের শ্রেণি	অনুমোদিত পদের সংখ্যা	বিদ্যমান পদের সংখ্যা	শূন্যপদের সংখ্যা	মন্তব্য
১ম	২৪	১৬	৮	
২য়	৩০	১৮	১২	
৩য়	১৭৪৯	১২৪৬	৫০৩	
৪র্থ	৫৮২	৩৫২	২৩০	
মোট	২৩৮৫	১৬৩২	৭৫৩	

২০১৫-১৬ অর্থ বছর সংক্রান্ত কার্যাবলি

বাংলাদেশ সরকারের মুদ্রণ ব্যবস্থা, সেবার মানোন্নয়ন ও দক্ষ নিয়ন্ত্রণের নিমিত্তে এ অধিদপ্তর নিরলস কাজ করে যাচ্ছে। সুষম সুযোগ সুবিধাকে সামনে রেখে দেশের উন্নয়নকে ত্বরান্বিত করা বাস্তবতার নিরিখে যতদূর সম্ভব গ্রহণের জন্য একটি নির্ভরযোগ্য, যুক্তিসঙ্গত আধুনিকমানের সেবা নিশ্চিত করা। ২০১৫-১৬ অর্থবছরের কার্যাবলি নিম্নে উল্লেখ করা হলো।

- ১। বিভিন্ন সরকারি আধা সরকারি ও স্বায়ত্তশাসিত অফিসের Job work (ঠিকা কাজ);
- ২। সকল শিক্ষাবোর্ড, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, পাবলিক বিশ্ববিদ্যালয় ও সরকারি কর্ম কমিশনের প্রশ্নপত্র মুদ্রণ।
- ৩। জাতীয় সংসদের সংসদ বিতর্কসহ সকল মুদ্রণ;
- ৪। মহামান্য হাইকোর্ট বিভাগের দৈনিক মামলার কার্যতালিকা (কজলিস্ট) ও ডেথ রেফারেন্স মুদ্রণ;
- ৫। নির্বাচন কমিশন সচিবালয়ের ব্যালট পেপারসহ যাবতীয় মুদ্রণ কাজ;
- ৬। বিভিন্ন সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের বিভিন্ন প্রকার সিকিউরিটি এবং নন সিকিউরিটি ডকুমেন্টস মুদ্রণ;
- ৭। বিভিন্ন ব্যাংকসমূহের চেক মুদ্রণ;
- ৮। বিভিন্ন শিক্ষাবোর্ড, বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট, মার্কসীট ও অন্যান্য নিরাপত্তামূলক ডকুমেন্টস মুদ্রণ;
- ৯। সরকারি হাসপাতালসমূহের টিকেট এবং প্রত্নতত্ত্ব অধিদপ্তরের বিভিন্ন মূল্যমানের প্রবেশ টিকিট মুদ্রণ;
- ১০। সাপ্তাহিক ও অতিরিক্ত সংখ্যা গেজেট মুদ্রণের ব্যবস্থা ও বিতরণ নিশ্চিতকরণ;
- ১১। ক্যালেন্ডার ও ডায়েরি প্রকাশনা সংক্রান্ত সকল কার্যক্রম গ্রহণ;
- ১২। মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, বিভিন্ন মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, নিম্ন আদালত, বিভিন্ন সরকারি আধাসরকারি ও স্বায়ত্তশাসিত অফিসে/কার্যালয়ে সকল প্রকার মুদ্রণ কাজ সম্পন্নকরণ।
- ১৩। সরকারের সকল স্ট্যাণ্ডার্ড ও নন-স্ট্যাণ্ডার্ড ফরমসহ সকল প্রকার মুদ্রণ কাজ সম্পাদন ও বিতরণ।
- ১৪। সকল সরকারি অফিস-আদালতে স্টেশনারী মালামাল যথাসময়ে সরবরাহকরণ।

২০১৬-১৭ অর্থবছরের গৃহীতব্য কর্মপরিকল্পনা

বিদ্যমান অবকাঠামোর মানোন্নয়ন, প্রেসসমূহ যুগোপযোগী ও আধুনিকায়নে পর্যাপ্ত অর্থ বরাদ্দ প্রাপ্তি, আইসিটি সেল শক্তিশালীকরণ, ই-ফাইলিং ও ই-টেন্ডার চালুকরণ এবং কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ, এসব ব্যবস্থাকরণ একটি চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। সমসাময়িক ও প্রতিযোগিতামূলক বিশ্বের সাথে তালমিলিয়ে অধিদপ্তরের অবস্থানকে দৃঢ়করণের লক্ষ্যে ২০১৬-১৭ অর্থ বছরের গৃহীতব্য কর্মপরিকল্পনাসমূহঃ

- ১। প্রেসসমূহের আধুনিকীকরণ ও পর্যাপ্ত জনবল নিশ্চিতকল্পে শূন্যপদসমূহ পূরণ;
- ২। অফিস অটোমেশন সিস্টেম চালুকরণ;
- ৩। দ্রুততম সময়ে গেজেট মুদ্রণ ও হালনাগাদ তথ্য ওয়েবসাইটে প্রকাশ;
- ৪। আইসিটি সেলের সক্ষমতা বৃদ্ধিকরণ;
- ৫। দুইটি মাইক্রোবাস ক্রয়;
- ৬। ই-ফাইলিং ব্যবস্থা চালুকরণ;
- ৭। ই-টেন্ডার কার্যক্রম চালুকরণ;
- ৮। নতুন আধুনিক ডিজিটাল মুদ্রণ মেশিন ক্রয়;
- ৯। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঠিক বাস্তবায়ন;
- ১০। অধিদপ্তরের মূল অফিস বিল্ডিং সম্প্রসারণ;
- ১১। ইউনিট অফিস/প্রেসের টেকনিক্যাল/ননটেকনিক্যাল কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ৬০ ঘণ্টা প্রশিক্ষণ;
- ১২। নবসৃষ্ট বরিশাল, সিলেট ও রংপুর বিভাগে ৩টি আঞ্চলিক অফিস সম্পূর্ণরূপে কার্যক্রম শুরু।

ভবিষ্যৎ পরিকল্পনা ও কার্যক্রমের বিবরণ

উন্নত মুদ্রণ ও প্রকাশনা তৈরীতে গৃহীত কতগুলো ভবিষ্যৎ পরিকল্পনা ও কার্যক্রম নিম্নে দেয়া হলো :

- ১। প্রেসসমূহের জন্য ইনক্রিপটেড অটোমেটেড মেশিন এবং ডিজিটাল অফসেট মেশিন ক্রয়;
- ২। অধিদপ্তরাধীন ৬টি আঞ্চলিক অফিসের নিজস্ব ভবন নির্মাণ;
- ৩। কারিগরি ও অকারিগরি কর্মচারীদের যাতায়াতের সুবিধার্থে দুটি স্টাফবাস ক্রয়;
- ৪। প্রধান কার্যালয়সহ অফিস/প্রেসসমূহের আবাসিক ভবন নির্মাণ;
- ৫। পেপার টেস্টিং ল্যাব প্রতিষ্ঠা করা।
- ৬। দেশে ও দেশের বাহিরে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান।
- ৭। অফিস সম্প্রসারণ।
- ৮। ইন্টারনেট ব্যান্ডউইথ বৃদ্ধি।

SDG র লক্ষ্যসমূহ অর্জনে গৃহীত কর্মপরিকল্পনা

SDG এর ৮ ও ১২ নং লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে মানসম্মত কাজ ও উৎপাদনমুখী কর্মসংস্থান নিশ্চিত করা এবং মুদ্রণ ও প্রকাশনা সেবার মান টেকসই করা প্রক্রিয়াধীন।

শৃঙ্খলাজনিত ও দুর্নীতি প্রতিরোধে গৃহীত কার্যক্রম

অধিদপ্তরের বিশৃঙ্খলা নিয়ন্ত্রণে কতগুলো পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা নিম্নে দেয়া হলো :

- ১। অধিদপ্তরাদেশী অফিস/প্রেসসমূহে ক্রয় কার্যক্রম স্বচ্ছতা আনয়নে এবং অধিকতর প্রতিযোগিতা নিশ্চিত করণের লক্ষ্যে দর প্রস্তাব গ্রহণের স্থান হিসেবে অধিদপ্তরাদেশী অফিস/প্রেসসমূহ ছাড়াও জনপ্রশাসন মন্ত্রণালয় এবং ঢাকার বিভাগীয় কমিশনার কার্যালয়ে দরপত্র বাস রাখা হয়। তাছাড়া ওয়েব সাইট থেকে ডাউনলোডের মাধ্যমে দরপত্রদলিল সংগ্রহের অবাধ সুযোগ দেওয়া হয়েছে।
- ২। ই-টেন্ডার চালুকরণের ব্যবস্থা প্রক্রিয়াধীন;
- ৩। ই-ফাইলিং চালুকরণের ব্যবস্থা প্রক্রিয়াধীন;

ই-গভর্নেন্স/ ইনোভেশন বিষয়ে গৃহীত কার্যক্রম

প্রগতিশীল ও উদ্ভাবনী প্রক্রিয়ায় নতুনত্ব প্রদর্শিতকরণ যা প্রতিষ্ঠানকে করে তুলে সহজ, সুন্দর ও গতিশীলতার অবয়বে। এতে করে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে, নিয়ে আসে নতুনত্ব। এরই উপর ভিত্তি করে নিম্নের কার্যক্রমগুলো নেয়া হয়েছে।

- ১। প্রধান কার্যালয় WiFi ইন্টারনেট প্রযুক্তির আওতায় আনা হয়েছে;
- ২। অধিদপ্তরের মূল Web Domain এ Web Mail সংযুক্তি করা হয়েছে;
- ৩। অনলাইনে টেন্ডার ব্যবস্থার জন্য e-GP চালুকরণের পদক্ষেপ নেয়া হচ্ছে;
- ৪। অনলাইনে রিকুইজিশন সিস্টেম চালু করা;
- ৫। ওয়েব সাইটে নিউজ ও নোটিশ সেকশন চালু করা।

কর্মকর্তা/ কর্মচারীদের কল্যাণে গৃহীত কার্যক্রম

- ১। অধিদপ্তরে কর্মকর্তাদের দ্রুত যোগাযোগ করার প্রয়োজনে ইন্টারনেট ব্যবহারের সুবিধার্থে অফিসের ভিতরে WiFi সুবিধা বিদ্যমান।
- ২। কর্মচারীদের যাতায়াতের জন্য যানবাহন সুবিধা দেয়া হয়ে থাকে;
- ৩। দক্ষতা ও মানোন্নয়নের জন্য ২০১৫-১৬ অর্থ বছরে মোট ৬০ জন কর্মকর্তা/কর্মচারীকে অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়।

তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে গৃহীত কার্যক্রম

তথ্য অধিকার আইনের আলোকে প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ও অফিস/প্রেসসমূহের উপপরিচালকগণকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে নিয়োগ দেয়া হয়েছে।

মাঠ পর্যায়ে বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রম

নতুন ৩টি আঞ্চলিক অফিস সৃজন এর ফলে সেবার মান আরো বৃদ্ধি পাবে এবং জনগণের দোরগোড়ায় সম্পৃক্ততা আরো সুদৃঢ় হবে।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী প্রশাসনিক ও আর্থিক সক্ষমতা বিকেন্দ্রীকরণ সংক্রান্ত তথ্য

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৮ জুন ২০১৬ তারিখের স্মারক নম্বর ০৫.০০.০০০০.১২০.০৫.০১২.১৫-১৬৭ এর মাধ্যমে “২০১৫ সালের আর্থিক সক্ষমতা অর্পণ ও আর্থিক ক্ষমতা পুনঃ অর্পণের” ৬ নং কলামের বর্ণিত ক্ষমতা অধিদপ্তরাধীন ৫টি অফিস/প্রেস যথা বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, গভর্নমেন্ট প্রিন্ট প্রেস, বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, এবং বাংলাদেশ স্টেশনারী অফিস

এবং

৭নং কলামের বিপরীতে ৫, ১০, ৩৯ ও ৪৪ ক্রমিকের ক্ষমতা অধিদপ্তরাধীন ৭টি আঞ্চলিক অফিসে যথা- ঢাকা আঞ্চলিক অফিস, চট্টগ্রাম আঞ্চলিক অফিস, খুলনা আঞ্চলিক অফিস, বগুড়া আঞ্চলিক অফিস, বরিশাল আঞ্চলিক অফিস, রংপুর আঞ্চলিক অফিস ও সিলেট আঞ্চলিক অফিসসমূহের অনুকূলে অর্পণপূর্বক প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা বিকেন্দ্রীকরণ করা হয়েছে।

অধিদপ্তরের কার্যক্রম

স্বাধীন সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয়ের সাথে Printing, Stationery and Forms Materials ও প্রকাশনার প্রয়োজনীয়তা মেটানোর লক্ষ্যে ১৯৭২ সালে এ অফিসের জন্ম। সরকারের অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য এ অধিদপ্তরের কাঠামোতে প্রধান কার্যালয়সহ বর্তমানে তিনটি প্রেস, দুইটি অফিস ও সাতটি আঞ্চলিক অফিসের মাধ্যমে কার্যক্রম পরিচালিত হচ্ছে। ৫টি অফিস/প্রেস হলো- বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস), গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস এবং বাংলাদেশ স্টেশনারী অফিস। ৭টি আঞ্চলিক অফিসসমূহ হলো- ঢাকা আঞ্চলিক অফিস, চট্টগ্রাম আঞ্চলিক অফিস, খুলনা আঞ্চলিক অফিস, বগুড়া আঞ্চলিক অফিস, বরিশাল আঞ্চলিক অফিস, রংপুর আঞ্চলিক অফিস এবং সিলেট আঞ্চলিক অফিস।

অফিস/প্রেসসমূহের উপপরিচালকগণ

অফিস/প্রেসের প্রধান কর্মকর্তা হিসেবে নিয়োজিত থাকেন এক জন উপপরিচালক। তাদের বর্ণনা নিম্নে প্রদান করা হলোঃ

টেবিল নং-০২ঃ এ অধিদপ্তরাধীন অফিস/প্রেসের উপপরিচালকগণের তালিকা

ক্রমিক নং	নাম ও পদবী	হতে	পর্যন্ত	অফিসের নাম
১।	জনাব মোঃ আলমগীর হোসেন উপপরিচালক	১৬-১১-২০১৪	বর্তমান	বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
২।	ড. মহিউদ্দীন আহমেদ উপপরিচালক	০৩-০৮-২০১৫	বর্তমান	গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস
৩।	জনাব মোঃ হামিদুল হক উপপরিচালক	০১-০৭-২০১৫	বর্তমান	বাংলাদেশ স্টেশনারী অফিস
৪।	জনাব মোঃ আব্দুল মালেক উপপরিচালক	০৮-১১-২০১৫	বর্তমান	বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)
৫।	জনাব মোস্তফা কামাল উপপরিচালক	১২-১১-২০০৯	বর্তমান	বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়

আঞ্চলিক অফিসসমূহের ম্যানেজারগণ

টেবিল নং-০৩ : এ অধিদপ্তরের আঞ্চলিক অফিসসমূহের ম্যানেজারগণের তালিকা

ক্রমিক নং	নাম ও পদবী	হতে	পর্যন্ত	অফিসের নাম
১।	জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন ম্যানেজার (চলতি দায়িত্ব)	১০-০৩-২০১৩	বর্তমান	ঢাকা আঞ্চলিক অফিস
২।	জনাব মোঃ আব্দুস ছালাম ম্যানেজার (ভারপ্রাপ্ত)	১৫-০২-২০০৯	বর্তমান	চট্টগ্রাম আঞ্চলিক অফিস
৩।	জনাব মোঃ সফিকুল ইসলাম ম্যানেজার	২৯-০৫-২০১১	বর্তমান	খুলনা আঞ্চলিক অফিস
৪।	জনাব শেখ আনিছুর রহমান ম্যানেজার	২-০৬-২০১১	বর্তমান	বগুড়া আঞ্চলিক অফিস
৫।	জনাব মোঃ আনোয়ারুল ইসলাম ম্যানেজার (চলতি দায়িত্ব)	২৮-০৭-২০১৬	বর্তমান	বরিশাল আঞ্চলিক অফিস
৬।	জনাব মহিবুর ওহাব জায়ফরী ম্যানেজার (চলতি দায়িত্ব)	১৩-১০-২০১৬	বর্তমান	সিলেট আঞ্চলিক অফিস
৭।	ম্যানেজার	২০-১০-২০১৬	বর্তমান	রংপুর আঞ্চলিক অফিস

অধিদপ্তরের অফিস/প্রেসসমূহের ভূ-সম্পত্তি

টেবিল নং-০৪ঃ ডিপিপির জমি সংক্রান্ত তথ্য

ক্রমিক নং	অফিস/প্রতিষ্ঠান	মৌজা	খতিয়ান	দাগ			জমির পরিমাণ (একর)	রেকর্ড/মন্তব্য					
				আরএস দাগ	শিল্প প্লট	সিটি							
১.	বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)	তেজগাঁও শিল্প এলাকা	আরএস-১০	৩৬১০	৩৭৫ ৩৭৬ ৩৭৭ ৩৭৮ ৩৭৯ ৩৮০	---	৫.৮১২৮	এল.এ. কেস নং- ৩/৪৮-৪৯ এর মাধ্যমে অধিগ্রহণকৃত (বিজি প্রেস নামে রেকর্ড)					
				বিজি প্রেস স্টাফ কোয়ার্টার (প্রাথমিক বিদ্যালয়, মসজিদ, মাদ্রাসা ও রাস্তাসহ)	ঐ	আরএস-০৪			৪২১৩	১১	---	.০৫৩৬	ঐ (গণপূর্ত ও নগর উন্নয়ন বিভাগ নামে খসড়া রেকর্ড)
									৪২১৫	১২		.৯২৭২	
									৪২১৭	১৩		.৪৯৪৪	
									৪২১৮	১৪		.১২১২	
									৪২১৯	২৩		২.৫৭৬০	
									৪২২০	২৪		.৫৯৯২	
									৪২২১	২৫		.১৯৮০	
									৪২২২	২৬		.১৬৭২	
									৪২৭১	৩৫		.৪৮২৮	
৫১২৩	৩৬	.২৯৪০											
							৫.৯১৩৬						
২.	গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস	তেজগাঁও শিল্প এলাকা	আরএস-১০	৩৬১২	১০২- ১০৭	---	৫.৬১৪৪	এল.এ. কেস নং- ৩/৪৮-৪৯ এর মাধ্যমে অধিগ্রহণকৃত (গণপূর্ত ও নগর উন্নয়ন বিভাগ নামে খসড়া রেকর্ড)					
	গভর্নমেন্ট প্রিন্টিং প্রেসের স্টাফ কোয়ার্টার	ঐ	আরএস-০৪	২০৫০	২৭৯ (অংশ) ২৮১- ২৮৪	---	৩.৯৮৪০	বাংলাদেশ সরকারের পক্ষে জেলা প্রশাসক ঢাকা					
৩.	বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়	তেজগাঁও শিল্প এলাকা	আরএস-০৫	৩৬০৩	৩৭০	৫৩১১	০.৮৯	বাংলাদেশ সিকিউরিটি প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা।					
৪.	মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়, খেলার মাঠ উচ্চ বিদ্যালয় ও বাংলা	তেজগাঁও শিল্প এলাকা	আরএস-০৪	৩৬০২	৩৬৭- ৩৭২	--	৫.৭৬২৮	গণপূর্ত ও নগর উন্নয়ন বিভাগের নামে রেকর্ড					
				৩৬০৩									
				৩৬০৪									
				৩৬০৫									
				৩৬০৬									
৩৬০৭													
৫.	বাংলাদেশ স্টেশনারী অফিস (স্টাফ কোয়ার্টার সহ)	তেজগাঁও শিল্প এলাকা	আরএস-০১	৩৪০৩	৩৬১- ৩৬৬	৭০০৩	৫.৬১						

প্রাধান কার্যালয় বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসের ভূসম্পত্তির উপর নির্মিত ভবনের ওয় তলায় অবস্থিত। অধিদপ্তরে অফিস প্রেসের মোট জমির পরিমাণ ৩২.৬৯৭৬ একর। জমি রেকর্ড নিয়ে কিছু জটিলতা থাকলেও এর উপর কাজ চলাছে দ্রুত সমাধানের লক্ষ্যে।

অধিদপ্তরের অফিস/প্রেসের বিল্ডিং ও কোয়ার্টার :

টেবিল নং-০৫ : ডিপিপি ভবন ও আবাসন সংক্রান্ত তথ্য

অফিসের নাম	অফিস-কোয়ার্টারের প্রকৃতি	বিল্ডিং বিবরণ	ভবন/ফ্ল্যাটের সংখ্যা	নির্মাণ কাল	নির্মাণকালীন ব্যয়	মন্তব্য
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর	অফিস	অফিস ভবন	১টি	১৯৮২-৮৪	-	ফরম ও প্রকাশনা অফিস ভবনের ওয় তলা
	কোয়ার্টার	অফিসার্স কোয়ার্টার-৩টি	৫টি ফ্ল্যাট	-	-	
		স্টাফ কোয়ার্টার -১টি	১২টি ফ্ল্যাট	২০০০-২০০২	-	
		মোট	১৭টি ফ্ল্যাট		-	
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়		অফিসের মূল ভবন ও প্রেস	৮	১৯৫৬-১৯৫৭		বিজি প্রেসের
		বাংলো-১	১			ব্যবস্থাপনায় ১টি
		অফিসার্স কোয়ার্টার-২টি	৪ (ফ্ল্যাট)			মাধ্যমিক বিদ্যালয়,
		স্টাফ কোয়ার্টার-এ টাইপ-৬টি	১১২ (ফ্ল্যাট)	১৯৫৬-১৯৫৭		১টি খেলার মাঠ, ১টি
		স্টাফ কোয়ার্টার-বি টাইপ-১২টি	১৭৮ (ফ্ল্যাট)	২০০০-২০০২		ক্লাব ও স্টাফ কোয়ার্টার সংলগ্ন ১টি
		১ কক্ষ বিশিষ্ট	৫৮ (ফ্ল্যাট)			মসজিদ ও ফোরকানিয়া মাদ্রাসা আছে।
		মোট =	৩৫৩			
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস	অফিস/প্রেস	প্রশাসনিক ভবন ও প্রেস বিল্ডিং	৫	১৯৫৬-১৯৫৭	--	গণপূর্ত অধিদপ্তর কর্তৃক নির্মিত
	কোয়ার্টার	অফিসার্স কোয়ার্টার ১টি	৩টি ফ্ল্যাট	১৯৫৬-১৯৫৭	--	
		৩য় শ্রেণির জি টাইপ ৩টি	১২৬টি ফ্ল্যাট	১৯৯৯-২০০৩	--	
		৩য় শ্রেণির জি টাইপ ৩টি		--		
		৪র্থ শ্রেণির এইচ টাইপ ২টি	৮৯টি ফ্ল্যাট	১৯৫৬-১৯৫৭	--	
		মোট	২১৮টি ফ্ল্যাট		--	
বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়	অফিস	অফিসের মূল ভবন	১	১৯৭৪-১৯৭৫	--	
	স্টাফ কোয়ার্টার	স্টাফ কোয়ার্টার	১০টি ফ্ল্যাট	২০০০-২০০২	--	
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস	অফিস	অফিসের মূল ভবন	২টি	১৯৫৬-১৯৫৭	--	--
বাংলাদেশ স্টেশনারি অফিস	অফিস	অফিসের মূল ভবনের দ্বিতলা	১টি	১৯৫৪	--	---
	গোডাউন	অফিসের মূল ভবনের নিচতলা	৩টি			
	কোয়ার্টার	স্টাফ কোয়ার্টার ৩য় শ্রেণি ২টি ভবন	২০টি ফ্ল্যাট	১৯৯১	--	-
		৪র্থ শ্রেণির ১টি ভবন	৪টি ফ্ল্যাট	১৯৯১	--	--

অধিদপ্তরের যানবাহনের ব্যবস্থাপনা

ডিপিপি ও এর অন্যান্য অফিসসমূহ প্রয়োজনীয় সংখ্যক যানবাহন ক্রয়, বরাদ্দ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম করে থাকে। কর্মকর্তা/কর্মচারীর অফিস যাতায়াতের সুষ্ঠু ব্যবস্থা গ্রহণ করতে সদা সচেষ্ট। এ সংক্রান্ত কার্যক্রম সম্পাদনের জন্য একজন সহকারী পরিচালক (প্রশাসন-১) সম্পৃক্ত রয়েছে।

টেবিল নং-০৬ : অধিদপ্তরের যানবহন সংক্রান্ত হালনগাদ তথ্যাদি

অফিস/প্রেসের নাম	যানবাহনের বিবরণ	অনুমোদিত সংখ্যা	বর্তমান সংখ্যা	ক্রয়ের তারিখ	ক্রয় কালীন মূল্য	রেজিস্ট্রেশন নম্বর	ব্যবহারকারী
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর (প্রধান কার্যালয়)	জীপ	০১	০১	২৯/০৫/২০১৩	৫৬,০৫,০০০	ঢাকা মেট্রো-ঘ ১৩-৭৬৩৩	মহাপরিচালক
	মাইক্রোবাস	০১	০১	২৯/০৫/১৯৯৭	--	ঢাকা মেট্রো-চ ৫১-০৯৭১	গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস
	স্টাফ বাস (হিনো)	০২	০২	২৯/০৫/১৯৯০	১৩,৫০,০০০	ঢাকা মেট্রো-চ ০৮-০০১২	অফিস/প্রেসের কর্মচারীদের জন্য
	স্টাফ বাস (হিনো)			২৯/০৫/১৯৯০	১৩,৫০,০০০	ঢাকা মেট্রো-চ ০৮-০০১৩	
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়	মাইক্রোবাস	(উন্নয়ন খাত)	০১	২০/০৬/১৯৯৪	---	ঢাকা মেট্রো-চ ০২-৩৫১৩	অফিস কাজে
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস	ট্রাক	০১	০১	২৫/০৫/১৯৯২	৭,৭০,০০০	ঢাকা মেট্রো-ন ৮৯১৬	অফিস কাজে
	মাইক্রোবাস (মিতসুবিসি)	০১	০১	২৫/০৫/১৯৯২	৭,২৫,০০০	ঢাকা মেট্রো-চ ১১-১৫৫৫	অকেজো
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস	ডাবল কেবি পিকআপ (নিশান নাভারা), ২৪৮৮ সিসি	০১	০১	১৩/০৬/২০১৩	৪১,৭২,০০০	ঢাকা মেট্রো-ঠ ১৩-১৯৬৯	দাপ্তরিক কাজে
	ট্রাক (ইসুজু জাপান), ৫৭৮৫ সিসি	০১	০১	২৭/০৪/১৯৮৭	৭,২৫,০০০	ঢাকা মেট্রো-ন ৮০৪৫	প্রেস থেকে মুদ্রিত সামগ্রী ও গেজেট পরিবহণ কাজে নিয়োজিত
বাংলাদেশ স্টেশনারী অফিস	মাইক্রোবাস	০১	০১	০৪/০৪/১৯৯৪	৯,১১,৭০০	ঢাকা মেট্রো-চ ০২-৩৪৫৩	অকেজো
	ডাবল কেবিন পিকআপ	সংগৃহীত	০১	জুন/২০১৩	---	ঢাকা মেট্রো-ঠ ১১-৫২৯১	পরিবহণ পুল থেকে সংগ্রহকৃত
বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়	ডাবল কেবিনযুক্ত পিকআপ ভ্যান (মিতসুবিসি)	০১	০১	০৬/০৫/২০০৩	১৮,৮৩,০০০	ঢাকা মেট্রো-ঠ ১১-৪৯৮৯	মুদ্রণ সামগ্রী পরিবহন ও যাতায়ত
	ফর্ক লিফট মেশিন মডেল-৫ এফডি ৩০, লোডিং ক্যাপাসিটি- ৩০০০ কেজি	০১	০১	১৯৮৭	৮,৪৯,০০০	-	-

অধিদপ্তরের অডিট আপত্তি ও নিষ্পত্তির বিবরণী

অংকসমূহ হাজার টাকায়

অফিস/প্রেসের নাম	১৯৭২ সাল থেকে মোট অডিট আপত্তির সংখ্যা	জড়িত টাকার পরিমাণ	মোট নিষ্পত্তির সংখ্যা	নিষ্পত্তিকৃত অর্থের পরিমাণ	বর্তমানে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা	বর্তমানে আপত্তিকৃত অর্থের পরিমাণ
প্রধান কার্যালয়	২৩৮টি	১,০৬,০৩,৬০	২৪টি	৪৬,৪৯,২০	২১৪টি	৫৯,৫৪,৪০
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়	৫৫৪টি	১,৯৬,৪২০০	৩৭টি	৪১,৪৪,০০	৫১৭টি	১৫৪,৯৮০০
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস	৪৬৫টি	১০৫৪৬২৪	১৯১টি	৪৪৮৩৯২	২৭৪টি	৬০৯২৩৩
বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়	২৭৬টি	২৯৯,৫৪,৫৭	১৪০টি	২৬৫,৫৭,৪৩	১৩৬টি	৩৩,৯৭,১৪
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস	৩০২টি	১০,২৬,৩০	১৬০টি	৩,২৯,১২	১৪২টি	৬,৯৭,১৮
বাংলাদেশ স্টেশনারী অফিস	৪৩৯টি	৯৬,০৬,৮৬	২৫৮টি	৫৫,৩৫,১৪	১৮১টি	৪০,৭১,৭২
আঞ্চলিক কার্যালয়সমূহ	৪৩৪টি	২৩,৯৯,৯০	৬৯টি	২,৭৭,৬৬	৩৬৫টি	২১,২২,২৪
সর্বমোট	২৭০৮টি	৮৩,৭৭,৯৪,৭	৮৭৯টি	৪৫,৯৭,৬৪৭	১৮২৯টি	৩৭,৮৩,৩০১

২০১২-১৩ সালে অধিদপ্তরের প্রধান কার্যালয়ে অডিট আপত্তির সংখ্যা (১৯৭২ সাল থেকে) ২২৬টি যার আপত্তিকৃত অর্থের পরিমাণ ছিল ২৭,৫৬,৫৮,০০০ টাকা। এ অর্থ বছরেই নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সংখ্যা ছিল ২৭টি যার অর্থের পরিমাণ ৩,২৬,০০,০০০ টাকা। এ সময় অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ১৯৯টি যার সমপরিমাণ অর্থ ছিল ২৪,৩০,৫৮,০০০ টাকা। গত ২০১৫-১৬ অর্থবছরে ফরম ও প্রকাশনা অফিসে ২টি দ্বি-পক্ষীয় ও ২টি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার মন্তব্যের কপি স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর হতে পাওয়া গিয়েছে। সভায় উত্থাপিত মোট আপত্তির সংখ্যা ৬১টি এবং মীমাংসিত হয়েছে ৪৮টির। গত ৩১/৫/২০১৬ তারিখে অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভায় মোট ২০ অডিট আপত্তি পর্যালোচনার পর ১৬টি সর্বসম্মতিক্রমে নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে।

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর বাজেট বরাদ্দ ও প্রকৃত ব্যয়

অফিস পরিচালনার জন্য বাজেট বরাদ্দ অর্থের পরিমাণের উপর কাজেট অগ্রগতি ও উন্নতি পরিলক্ষিত হয়। চাহিদা নিরূপণ করা একটি চ্যালেঞ্জিং কাজ হলেও তা সূষ্ঠ্যভাবে প্রণয়ন করা সম্ভব হয়েছে।

টেবিল নং-০৭ বাজেট বরাদ্দ ও খরচের বিবরণ (অংকসমূহ হাজার টাকায়)

অফিসের নাম	অর্থ বছর	সংশোধিত বাজেট বরাদ্দ	প্রকৃত ব্যয়	
প্রধান কার্যালয়	২০১৫-২০১৬	২,৫৮,৩০	২,৪০,৮৭	
বিজি প্রেস		৫৭,৮৪,২৮	৫৫,৭৮,৪২	
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস		২৫,৩৮,৬৫	২৩,৪৮,৭৫	
বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়		১০,৬৫,১১	৮,১৪,০৮	
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস		৩,৪৯,৩৬	২,৮৪,৩১	
বাংলাদেশ স্টেশনারী অফিস		২,৯০,০৬	২,৩৫,১৭	
স্টেশনারী স্টোর		৪৮,৯৪,২২	৩৫,৭৯,০৫	
ঢাকা আঞ্চলিক অফিস		৭৩,৭৯	৭২,৭৩	
চট্টগ্রাম আঞ্চলিক অফিস		৪৪,৩৫	৩৩,২৪	
খুলনা আঞ্চলিক অফিস		৫১,৩৩	৫১,৯৩	
বগুড়া আঞ্চলিক অফিস		৪৮,০৩	৪২,৪৫	
মোট =			১৫৩,৯৭,৪৮	১৩২,৮১,০০

অধিদপ্তরের রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা ও আয়

মুদ্রণ ও প্রকাশনার মানোন্নয়ন এ অধিদপ্তরের প্রধান লক্ষ্য। এ অধিদপ্তর মুদ্রণ ও প্রকাশনা এবং স্টেশনারী সরবরাহ করার পাশাপাশি রাজস্ব আয় বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। নিম্নে সারণীতে এ অধিদপ্তরের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা অর্জন ও রাজস্ব ব্যয়ের তুলনামূলক বিবরণী তুলে ধরা হলো।

টেবিল নং-০৮ রাজস্ব সংগ্রহ ও আয়ের বিবরণ (অংকসমূহ হাজার টাকায়)

অফিসের নাম	অর্থ বছর	রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা	আয়	
প্রধান কার্যালয়	২০১৫-২০১৬	১,৬৬	৩,৪২	
বিজি প্রেস		১,৫৫,১১	১৮,১৯,৪৯	
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস		৫০,১৩	২১	
বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়		৫৫,১০	৯,৯৯	
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস		১,১১,১৩	৮৬,০৭	
বাংলাদেশ স্টেশনারী অফিস		১৬,০৪,৬২	১০,৪১,৩৯	
ঢাকা আঞ্চলিক অফিস		৪,০০,০২	২১,০৪	
চট্টগ্রাম আঞ্চলিক অফিস		২,১৫,০৯	১৩,৩১	
খুলনা আঞ্চলিক অফিস		২,১৫,০৮	১৮,২৭	
বগুড়া আঞ্চলিক অফিস		২,১৫,০২	১১,০৯	
মোট=			৩০,২২,৯৬	৩০,২৪,২৮

প্রধান কার্যালয়

প্রধান কার্যালয়

প্রধান কার্যালয় মূলত প্রশাসনিক কাজে নিয়োজিত থাকায় জনবল নিয়োগ, পদোন্নতি, প্রশিক্ষণ, সভা-সেমিনার আয়োজন, অফিস ভবন রক্ষণাবেক্ষণ, প্রয়োজনীয় অফিস সরঞ্জামাদি ক্রয় ও রক্ষণাবেক্ষণ, যানবাহন ক্রয় ও রক্ষণাবেক্ষণ, আইটি কার্যক্রম, লাইব্রেরী ব্যবস্থাপনা, ভান্ডার ব্যবস্থাপনা, প্রটোকল সেবা, ডেসপাস নিয়ন্ত্রণসহ দৈনন্দিন প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন এ কার্যালয়ের অন্তর্ভুক্ত।

জনবল

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের প্রধান কার্যালয়ে জন্য অনুমোদিত মোট ৭৫ (পচাত্তর) টি, বর্তমানে কর্মরত জনবল ৪১ জন। তবে অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোর পুনর্বিন্যাস ও নিয়োগ বিধিমালা সংশোধনের কাজ চলমান থাকায় পদ শূন্য আছে। নিম্নে প্রধান কার্যালয়ের বর্তমান জনবল (৩০ জুন ২০১৬ পর্যন্ত) এর বিবরণ উল্লেখ করা হলো।

টেবিল নং-০৯ : প্রধান কার্যালয়ের জনবল সংক্রান্ত তথ্য

বিবরণ	১ম শ্রেণি	২য় শ্রেণি	৩য় শ্রেণি		৪র্থ শ্রেণি		মোট	মন্তব্য
			টেকনিক্যাল	ননটেকনিক্যাল	টেকনিক্যাল	ননটেকনিক্যাল		
সৃজন পদ	০৯	০২	--	৪৮	--	১৬	৭৫	
কর্মরত	০৪	০১	--	২৯	--	০৭	৪১	
শূন্যপদ	০৫	০১	--	১৯	--	০৯	৩৪	

২০১৫-১৬ সালে মহাপরিচালক ও পরিচালক পদে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ

টেবিল নং-১০ : প্রধান কার্যালয় মহাপরিচালক ও পরিচালকের তথ্য

ক্রমিক নং	নাম ও পদবী	হতে	পর্যন্ত
১।	বেগম ভিকারুন নেছা মহাপরিচালক (অতিরিক্ত সচিব)	২৩-০৩-২০১৬	বর্তমান
২।	জনাব মুহাম্মাদ আল-আমীন পরিচালক (যুগ্মসচিব)	৩০-০৭-২০১৫	বর্তমান

কর্মকর্তা/কর্মচারীদের কর্ম দক্ষতা বৃদ্ধির কার্যক্রম

অধিদপ্তরের কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সরকার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাধ্যমে বিভিন্ন কার্যক্রমের মধ্যে নিম্নে কয়েকটি উল্লেখ করা হলো।

- দক্ষতা ও মান উন্নয়নের জন্য ২০১৫-১৬ অর্থ বছরে অধিদপ্তরের ৬০ জন কর্মকর্তা/কর্মচারীকে অভ্যন্তরীণ প্রশিক্ষণ দেওয়া হয়েছে।
- কর্মচারীদের যাতায়াতের জন্য বাস সার্ভিস সুবিধা প্রদান করা হয়
- প্রধান কার্যালয়ের কর্মকর্তাদের ই-সেবার প্রয়োজনে WiFi সার্ভিস চালু করা হয়েছে।
- কাজের গতিবৃদ্ধি ও মানসিক মানোন্নয়নের জন্য শুদ্ধাচার কৌশল এর কার্যক্রম চলমান
- কর্মকর্তা/কর্মচারীদের বসবাসের জন্য অফিস কোয়ার্টারের ব্যবস্থা করা হয়েছে।

তথ্য প্রদানকারী এবং অভিযোগ গ্রহণকারী কর্মকর্তা

বাংলাদেশ তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধান অনুযায়ী মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের পক্ষে তথ্য প্রদানের জন্য একজন কর্মকর্তাকে তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ আইন অনুযায়ী বিভিন্ন সময়ে চাহিত তথ্য প্রদান করে থাকেন, তাছাড়া তিনি জনগণের বিভিন্ন অভিযোগ গ্রহণ ও শুনে থাকেন। তিনি বিভিন্ন সময়ে জনগণের নিকট হতে অভিযোগ সমূহ গ্রহণ করেন এবং সমাধানের প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে থাকেন। অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত তথ্য প্রদানকারী/অভিযোগ গ্রহণকারী কর্মকর্তা হলেন :

টেবিল নং-১১ : তথ্য প্রদানকারী ও অভিযোগ গ্রহণকারী কর্মকর্তা

কর্মকর্তার নাম	ঠিকানা	
	অফিস	বাসা
জনাব মুহাম্মাদ আল-আমীন পরিচালক (যুগ্মসচিব)	মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর তেজগাঁও, ঢাকা-১২০৮।	

অধিদপ্তরের আইসিটি শাখা

অধিদপ্তরের অন্যতম গুরুত্বপূর্ণ শাখা হল আইসিটি শাখা। এই শাখায় বর্তমানে মোট ০২ (দুই) জন কর্মকর্তা কর্মরত আছেন, মামলা জনিত কারণে দুই জনকে নিয়োজ দেয়া যায়নি আর একজন নিয়োগপ্রাপ্ত হওয়ার পরও যোগদান করেননি। বিগত সময়ের তুলনায় বর্তমানে অধিদপ্তরের কার্যক্রম বহুলাংশে বৃদ্ধি পাওয়ার পাশাপাশি আইসিটি শাখার কার্যক্রমও বৃদ্ধি পেয়েছে। এই শাখাকে আরো আধুনিকায়ন ও প্রযুক্তিনির্ভর করা এবং রূপকল্প ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে অধিদপ্তরে নিজ অধিক্ষেত্রে সর্বাঙ্গিক চেষ্টা চালিয়ে যাচ্ছে। এ অধিদপ্তরের কার্যাবলী ডিজিটাল তথ্য প্রযুক্তি নির্ভর করার লক্ষ্যে ২০১৫-১৬ অর্থ বছরে যে সকল কার্যক্রম সম্পাদন করা হয়েছে কিংবা চলমান রয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য হলো :

- ১। অধিদপ্তরের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে পূর্বে স্থাপিত CCTV system এর পাশাপাশি আরও ৬টি CCTV ক্যামেরা স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

- ২। অধিদপ্তরের ডায়নামিক ওয়েবসাইট তৈরীর মাধ্যমে তথ্য বাতায়নের হালনাগাদ কাজ চলমান। এতে সকল প্রকার তথ্য তাৎক্ষণিক আপডেট, ডিলিট এবং আর্কাইভ করা যাবে।
- ৩। এস এম এস ও ই-মেইলের মাধ্যমে তথ্য আদান প্রদানের কাজ প্রক্রিয়াধীন।
- ৪। ই-ফাইলিং সিস্টেম চালুকরণের লক্ষ্যে কার্যক্রম চলমান।
- ৫। ই-জিপি বাস্তবায়নের কাজ প্রক্রিয়াধীন।
- ৬। অধিদপ্তরের সকল কর্মকর্তাদের দপ্তরের নিজস্ব ডোমেইনে ই-মেইল একাউন্ট তৈরি করা হয়েছে। এতে সকল কর্মকর্তা ই-মেইল ব্যবহারের সুযোগ পাচ্ছে।
- ৭। আইসিটি শাখাকে একটি আধুনিক ও কার্যকর শাখা হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে ভবিষ্যত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ হচ্ছে।
- ৮। অন্যান্য অফিস/প্রেসকে আইটি সহায়তা ও পরামর্শ প্রদান
- ৯। প্রয়োজন অনুযায়ী হার্ডওয়ার ও সফটওয়ার ক্রয়ের ব্যবস্থা গ্রহণ,
- ১০। নিজস্ব ওয়েবসাইটে (www.dpp.gov.bd) এর রক্ষণাবেক্ষণ করা
- ১১। ই-মেইল ও ওয়েব সার্ভার রক্ষণাবেক্ষণ করা
- ১২। প্রধান কার্যালয়ের সাথে ০৫টি অফিস প্রেসে অপটিক্যাল সংযোগসহ পরিপূর্ণ ল্যান সেটআপের কাজ সমাপ্ত হয়েছে। ফলে প্রতিটি কম্পিউটার রিসোর্স সেয়ারিং ও হাইস্পিড ইন্টারনেট ব্রাউজিং এর সুবিধা লাভ করেছে।
- ১৩। এ্যাপ্লিকেশন সার্ভেট প্রদান করা
- ১৪। LAN ও WiFi নেটওয়ার্ক রক্ষণাবেক্ষণ করা
- ১৫। অধিদপ্তরের হাইস্পিড ইন্টারনেট সুবিধা লাভের জন্য ৮এমবিপিএস থেকে ১৪ এমবিপিএস ব্যান্ডউইথ এ উন্নীত করা হয়েছে।
- ১৬। মাল্টিমিডিয়া প্রজেকশন এবং পিএ সিস্টেম রক্ষণাবেক্ষণ করা
- ১৭। কম্পিউটার, প্রিন্টার ও স্ক্যানার সহ নানবিধ হার্ডওয়ার রক্ষণাবেক্ষণ করা
- ১৮। IP PABX সিস্টেম রক্ষণাবেক্ষণ করা
- ১৯। অধিদপ্তর কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠান, সভা, সেমিনার, ওয়ার্কশপ এ আইটি সহায়তা প্রদান ও কর্তৃপক্ষ প্রদত্ত ও নির্দেশিত দায়িত্ব সম্পাদন।

প্রশাসনিক সম্পাদিত কার্যাবলীর

এ অধিদপ্তরের কার্যক্রম বেগবান করা ও তদারকির জন্য মাসিক ভিত্তিক মোট ১১টি মাসিক সমন্বয় সভা করা হয়েছে। তাছাড়া মুদ্রণ সংক্রান্ত বিশেষ সমন্বয় ও কর্মপরিকল্পনা সভা ৭টি সম্পাদিত হয়েছে। ক্রয় পরিকল্পনা সম্পর্কে ক্রয় পরিকল্পনা অনুমোদন সংক্রান্ত ৪টি সভা অনুষ্ঠিত হয়। তাছাড়া ৪৫টি দরপত্র মূল্যায়ন সভা সম্পন্ন হয়েছে। অধিদপ্তরের কর্মকর্তাদের তালিকাভুক্তদের মধ্য থেকে ৯৪ জনকে পদোন্নতি প্রদান করা হয়। এবং ৬২ জন কর্মচারীর টাইফেল, ৩জন সিলেকটশন গ্রেটে মঞ্জুরী হয়। নিম্নলিখিত ১৯টি বিভাগীয় মামলা এবং ৫টি চলমান।

টেবিল নং-১২ : তালিকাভুক্ত প্রশাসনিক কার্যাবলী

সম্পাদিত কার্যাবলীর বিবরণী	
সমন্বয় সভার সংখ্যা	১১ টি
মুদ্রণ সংক্রান্ত বিষয়ে সমন্বয় ও কর্মপরিকল্পনা প্রস্তুতের জন্য সভা;	০৭ টি
ক্রয় পরিকল্পনা অনুমোদন সংক্রান্ত সভা;	০৪ টি
কর্মকর্তা/কর্মচারীর পদোন্নতি;	৯৪ জন
টাইমস্কেল মঞ্জুর করা হয়েছে;	৬২ জন কর্মচারী
সিলেকশন গ্রেড প্রদান করা হয়েছে;	৩ জন
বিভাগীয় মামলা নিষ্পত্তি	১৯ টি
বিভাগীয় মামলা চলমান	৫ টি
দরপত্র মূল্যায়ন কমিটির সভা ।	৪৫ টি

অধিদপ্তরের বাজেট থেকে খরচ : ২০১০-২০১৬

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ ৫টি অফিস/প্রেস এর ২০১০-২০১৬ সালের বাজেটের খরচের হিসাব নিম্নে দেয়া হলো

টেবিল নং-১৩ : অধিদপ্তরের খরচ

অফিসের নাম	অংক সমূহ হাজার টাকায়					
	২০১০-২০১১	২০১১-২০১২	২০১২-২০১৩	২০১৩-২০১৪	২০১৪-২০১৫	২০১৫-২০১৬
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর	১,১৬,১২	১,১২,১৮	১,৯০,৯৩	১,৮৭,৯৭	১,৭৬,৪২	২,৪০,৮৭
বাংলাদেশ স্টেশনারী অফিস	১,৩৫,৬১	১,৪৪,১৪	১,৫৪,৩৬	১,৮৮,২৯	২,২৪,২৩	২,৩৫,১৭
স্টেশনারী স্টোরস	৩৩,৩২,৭১	৪১,৮৭,৭০	৪৬,০৫,৮৫	৪০,৩৩,৭৫	৩৭,০৯,৯৯	৩৫,৭৯,০৫
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস	২,০৩,৭২	২,১১,৭৪	২,৪৫,২৮	২,২০,৪৭	২,৩৬,৩৮	২,৮৪,৩১
আঞ্চলিক অফিসসমূহ	১,২৬,০১	১,৩৪,৩৫	১,৪০,৩৫	১,৫২,৫৩	১,৬৬,৩৮	২,০০,৩৫
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস	১৫,৩৮,১৪	১৬,৪৬,০৮	১৭,৬২,৯৬	১৮,৬২,৩৮	২১,৭৭,৮৫	২৩,৪৮,৭৫
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়	৩২,২৬,৫২	৩৪,৪৪,২৩	৩৭,২০,১০	৪৪,৬৭,২০	৪৪,৮৪,৯৫	৫৫,৭৮,৪২
বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়	৬,০৭,৭৩	৭,০৪,৭২	৬,৯২,২১	৭,৬০,৮১	৭,৯৪,৩৯	৮,১৪,০৮
সর্বমোট	৯৬,৮৬৯,৫৬	১০৫,৯৬,২৫	১১৫,১২,০৪	১১৮,৭৩,৪০	১১৯,৭০,৫৯	১৩২,৮১,০০

অধিদপ্তরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও প্রকৃত অর্জন

মুদ্রণ ও প্রকাশনা একটি মুদ্রণ, প্রকাশনা ও স্টেশনারীজ সরবরাহ সম্পর্কিত সেবাদানকারী প্রতিষ্ঠান হলেও দেশের আর্থ সামাজিক উন্নয়ন ও রাজস্ব আদায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। সরকারের রাজস্ব আয় বৃদ্ধিমূলক প্রতিষ্ঠান না হলেও রাজস্ব আদায় বৃদ্ধির মাধ্যমে সরকারকে সহযোগিতা করে থাকে। নিম্নের সারণীতে এ অধিদপ্তরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও প্রকৃত অর্জনের তুলনামূলক বিবরণী প্রদান করা হল।

টেবিল নং-১৪ : লক্ষ্যমাত্রা ও অর্জন

হিসাবের খাতসমূহ	বাজেট বরাদ্দ (প্রাপ্তির লক্ষ্যমাত্রা)	প্রকৃত অর্জন
২০৩৭- সরকারি যানবাহনের ব্যবহার	১০,০০০/-	--
২৩১৬- কাগজ, মণিহারী দ্রব্য	২৬,০০,০০,০০০/-	১০,৫৮,২৬,০০০/-
২৩২১- বইপত্র প্রকাশনা	১,৫৬,০০,০০০/-	১,১৪,৬৭,০০০/-
২৩৭১- অব্যহত দ্রব্যাদি জ্যাপ ইত্যাদি	১০,০০০/-	১,২৫,০০০/-
২৩৭৬- বিবিধ অবাণিজ্যিক ক্রয়	২,৬০,০০,০০০/-	১৮,২৮,৭৪,০০০/-
২৬৭১-অতিরিক্ত প্রদত্ত টাকা আদায়	৫২,০০০/-	১০,০০০/-
২৬৮১-বিবিধ রাজস্ব ও প্রাপ্তি	৬,২৪,০০০/-	২৬,২৬,০০০/-
সর্বমোট =	৩০,২২,৯৬,০০০/-	৩০,২৪,২৮,০০০/-

অধিদপ্তরের কর্মপরিকল্পনা ও অর্জিত সাফল্য (২০১২-২০১৬)

স্বাধীনতার পর থেকে এ প্রতিষ্ঠান নিয়মিত ভাবে সরকারের গুরুত্বপূর্ণ প্রকাশনা ও অফিসের জিনিসপত্র ও এতদসংক্রান্ত দ্রব্যাদি সরবরাহ করে আসেছে। এক নজরে তা দেখানো হল :

টেবিল নং-১৫ : উৎপাদন (ইম্প্রেশন)

ক্রমিক নং	কার্যক্রম	২০১২-২০১৩	২০১৩-২০১৪	২০১৪-২০১৫	২০১৫-২০১৬
		(সংখ্যা লক্ষ)			
১	গেজেট, বই, ফরম ও রেজিস্টার	১৪.৯৫	৯.৬৯	২০.৮১	১০.২৩
২	পাবলিক পরীক্ষা,বিসিএস ও অন্যান্য পরীক্ষার প্রশ্নপত্র	১৯.৮৮	১৪.০০	৯.০৮	১৪.৯৭
৩	ব্যালট পেপারসহ নির্বাচন সংক্রান্ত দলিলাদি	৪৫.০	২১২	১৬০০	৩৫৯
৪	সরকারি চেক	৯৪.০	১০	৩৮	১২.০০
৫	কজলিস্ট, ডেথ রেফারেন্স, জাতীয়সংসদ বিতর্ক, ডকুমেন্টস্ ও প্রশ্নোত্তর	৩.০৮	১	৪.৯১	৭.৭০
৬	প্রতিরক্ষা বাহিনীর বই, ফরম ও রেজিস্টার সরকারি ডায়েরী	১.৩০	১.২৫	০.৯৮	১.৩২
৭	সরকারি ডায়েরী, ক্যালেন্ডার	৩.০	৩	৩.০৯	৩.০০
৮	স্টেশনারী দ্রব্যাদি ক্রয়/সংগ্রহ ও	১৪৩টি	১১০টি	৯৭	১২৫

ক্রমিক নং	কার্যক্রম	২০১২-২০১৩	২০১৩-২০১৪	২০১৪-২০১৫	২০১৫-২০১৬
		(সংখ্যা লক্ষ)			
	বিতরণ				
৯	নতুন তিনটি আঞ্চলিক অফিস স্থাপন	--	--	--	--
১০	অফিস সম্প্রসারণ	--	--	--	--

অধিদপ্তরের বিভিন্ন অফিসের ক্রয় সংক্রান্ত মঞ্জুরী প্রদান

টেবিল নং-১৬ : ক্রয় সংক্রান্ত মঞ্জুরী

অর্থ বছর	অফিসের নাম	মঞ্জুরী আদেশের সংখ্যা	মোট ব্যয় মঞ্জুরীর পরিমাণ	মন্তব্য
২০১৫-২০১৬	প্রধান কার্যালয় ও ৫টি অফিস/প্রেস	২০২৩	৭৯,৩১,৬৮,৯৬৬	
২০১৪-১৫		১৯১টি	২৪,৫৬,৫০,৮৯৪	
২০১২-১৩		২৪৩টি	৫৩,৪০,৩৯,১১৯	পিকআপ ভ্যান ক্রয়

বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০১৫-১৬

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের “দক্ষ ও কার্যকর প্রশাসন” এবং অভিলক্ষ্য “প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে একটি দক্ষ সেবামুখী, কল্যাণধর্মী ও দায়বদ্ধ অধিদপ্তর গড়ে তোলা। এ অভিলক্ষ্য অর্জনে ২০১৫-১৬ বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৩ টি কৌশলগত বাস্তবায়নে ১৩টি কার্যক্রম চিহ্নিত করে এবং এ কার্যক্রমের জন্য ১৩টি কর্ম সম্পাদন সূচক বা Performance Indicator নির্ধারণ করে প্রতিটির জন্য লক্ষ্যমাত্রা স্থির করেছে। অপরদিকে মন্ত্রিপরিষদ বিভাগ ৫টি আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে ১৩টি কার্যক্রম এবং ১৬টি কর্মসম্পাদন সূচক নির্ধারণ করেছে। নির্ধারিত কৌশলগত উদ্দেশ্যসমূহের অধীন ১৩টি কর্মসম্পাদন সূচক রয়েছে। এ সকল সূচকের মধ্যে ৮টি সূচক অর্জিত বা প্রায় অর্জিত পর্যায়ে রয়েছে।

টেবিল নং-১৭ : কর্ম সম্পাদন চুক্তি ২০১৫-১৬ এর বার্ষিক অর্জন ও মূল্যায়ন

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের অধীন কার্যক্রমের সংখ্যা	সূচকের সংখ্যা	মোট মান	মন্তব্য
(১) প্রাতিষ্ঠানিক সক্ষমতাবৃদ্ধি	৯	৯	৫৫	৯টি সূচকের মধ্যে ৬টির অর্জন আবশ্যিক।

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের অধীন কার্যক্রমের সংখ্যা	সূচকের সংখ্যা	মোট মান	মন্তব্য
(২) গুণগতমান বৃদ্ধিকরণ	২	২	১৫	প্রায় ৩০% অর্জিত হয়েছে। এখানে মেশিন ক্রয়ের বিষয় ছিল যা মন্ত্রণালয়ের অনুমোদন ও অর্থ বরাদ্দ পাওয়ার সাপেক্ষে মুদ্রণ ডিজিটাল মেশিন ক্রয় করা কিন্তু অর্থ বরাদ্দ না থাকায় আধুনিক মুদ্রণ মেশিন ক্রয় করা যায়নি।
(৩) স্বল্পতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ	২	২	১৫	২টি
মোট	১৩	১৩	৮০	মোট ১৩টি সূচকের মধ্যে ৮টি অর্জিত/ প্রায় অর্জিত হয়েছে।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন

সরকারি অফিসে জনসাধারণের সেবা পাওয়ার অন্যতম অন্তরায় হল শুদ্ধাচারের অনুপস্থিতি। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশলপত্র অনুসারে কার্যক্রম গ্রহণ করেছে। এ লক্ষ্যে মহাপরিচালকের সভাপতিত্বে ১৭ই নভেম্বর ২০১৩ তারিখে একটি নৈতিকতা কমিটি গঠিত হলেও সময়ের প্রয়োজনীয়তায় ২৬/৪/২০১৬ তারিখে নৈতিকতা কমিটির পুনর্গঠন করা হয়। কমিটি শুদ্ধাচার বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়ন করে। কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মনিটরিং করার জন্য নৈতিকতা কমিটির নিয়মিত সভা আয়োজন করা হচ্ছে। প্রতিবেদনাধীন বছরে ৪টি সভা আয়োজন করা হয়েছে। নৈতিকতা কমিটি ও মাসিক সমন্বয় সভায় শুদ্ধাচার ও সুশাসনের সমস্যাসমূহ চিহ্নিত করণ ও সমাধানের আলোচনা করা হয়। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট নিয়োগ ও তার দায়িত্ব কর্তব্য কর্মবন্টনে অন্তর্ভুক্ত করা হয়েছে। শুদ্ধাচার বাস্তবায়নে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের গৃহীত উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপ :

- জনসাধারণের নির্বিঘ্নে সেবা প্রদানের জন্য এ অধিদপ্তর প্রধান কার্যালয়সহ সকল অফিস/প্রেসে হেল্প ডেস্ক খোলার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
- জনগণের নির্বিঘ্নে সেবা পাওয়ার পথে অন্তরায়সমূহ দূর করার জন্য গ্রাহকের মতামত কার্যক্রম সম্প্রসারণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- শুদ্ধাচার বাস্তবায়নের বিষয়ে ৫৭ জন কর্মকর্তা/কর্মচারীকে অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- এ অধিদপ্তরে অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতির উন্নয়নের লক্ষ্যে অভিযোগ নিষ্পত্তির জন্য পরিচালককে নিয়োগ দেয়া হয়েছে। অধিদপ্তরের মাসিক সভায় অভিযোগের নিষ্পত্তির বিষয়টি এজেন্ডাভুক্ত করা হয়েছে। শতভাগ অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।
- ই-গভর্নেন্স সিস্টেম উন্নয়নের লক্ষ্যে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরে Electronic Government Procurement (e-GP) চালুর লক্ষ্যে এ অধিদপ্তরের e-GP সংক্রান্ত দুইজন কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট হিসেবে e-GP বিষয়ে Central Procurement Technical Unit (CPTU) হতে ব্রিফিং প্রদান করা হয়েছে। CPTU হতে প্রশিক্ষণ প্রদান ও Access Code পাওয়ার পর এ অধিদপ্তরের একটি ইউনিট অফিস Bangladesh Stationery Office (BSO) এ পরীক্ষামূলকভাবে e-GP চালু করা হবে।

অভিযোগ ব্যবস্থাপনা

অভিযোগ ব্যবস্থাপনা মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের গুরুত্বপূর্ণ অংশ। মুদ্রণ, প্রকাশনা এবং স্টেশনারী সরবরাহ সংক্রান্ত জনসাধারণের অভিযোগ গুরুত্বসহকারে বিবেচনাপূর্বক উহা নিষ্পত্তির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়। এ ক্ষেত্রে দুই ধরনের অভিযোগ লক্ষ্য করা যায় প্রথমতঃ ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক মুদ্রণ, প্রকাশনা এবং স্টেশনারী সরবরাহ, দ্বিতীয়ত এ অধিদপ্তরের কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে অভিযোগ উভয় প্রকার লিখিত অভিযোগ গ্রহণের জন্য এ অধিদপ্তরের তৃতীয় তলায় নির্ধারিত বাবল রাখা হয় এবং নিষ্পত্তির লক্ষ্যে পরিচালককে ফোকাল পয়েন্ট নিযুক্তপূর্বক অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনা করা হয়। এ অধিদপ্তর বিভিন্ন বিষয়ে অভিযোগের প্রেক্ষিতে প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ তদন্তপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে।

ছাড়পত্র প্রদান (NOC)

বিভিন্ন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থা/দপ্তরের অনুকূলে বিভিন্ন প্রকার প্রকাশনা, প্রতিবেদন, ম্যানুয়েল, পোস্টার, লিফলেট ইত্যাদি নিজস্ব ব্যবস্থাপনায় মুদ্রণের অনাপত্তি প্রদানকে ছাড়পত্র বলে। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরাধীন ৩ (তিন) টি প্রেস যথা- (১) বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস), (২) গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস (জিপিপি) ও (৩) বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়ে (বিএসপিপি) মুদ্রণের জন্য প্রেরিত কোন মুদ্রণ কাজ উক্ত প্রেসত্রয় সময়ের স্বল্পতা, যান্ত্রিক/কারিগরি সমস্যা ও চাহিদাকারী দপ্তরের চাহিদা/বর্ণনা অনুযায়ী প্রয়োজনীয় মুদ্রণ সামগ্রী প্রেসে না থাকলে এবং প্রেস সমূহের উক্ত কাজ করা সম্ভব না হলে সেক্ষেত্রে চাহিদাকারী দপ্তরের অনুকূলে অনাপত্তি দেয়া হয়। সরকারি নিয়ম অনুযায়ী চাহিদাকারী দপ্তর/সংস্থা তাদের মুদ্রণ কাজের চাহিদাপত্র বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসে প্রেরণ করে। বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস কর্ম বন্টননামা অনুযায়ী উক্ত কাজ সংশ্লিষ্ট প্রেসে প্রেরণ করে। প্রেস কর্তৃপক্ষ প্রেরিত সংশ্লিষ্ট মুদ্রণ কাজ করা সম্ভব না হলে অপারগতার বিষয়টি বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসকে অবহিত করে। বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস উক্ত অপারগতার বিষয়টি মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের মহাপরিচালকে অবহিত করে। মহাপরিচালক সংশ্লিষ্ট অফিস/প্রেসের অপারগতার বিষয়টি সার্বিক বিবেচনা করে চাহিদাকারী দপ্তরের অনুকূলে অনাপত্তি/ছাড়পত্র প্রদান করে। যে কোন অনাপত্তি/ছাড়পত্রের সাথে বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, সংশ্লিষ্ট প্রেস এবং মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর (প্রধান কার্যালয়) সম্পৃক্ত, তাই অনাপত্তি/ছাড়পত্র সরকারি নিয়ম মোতাবেক ৫ থেকে ১৫ দিন পর্যন্ত সময় লাগে।

মানব সম্পদ উন্নয়ন

প্রতিষ্ঠানের সক্ষমতা অনেকাংশে নির্ভরশীল মানব সম্পদ উন্নয়নের উপর। প্রতিষ্ঠানের লক্ষ্যে অর্জনের জন্য দক্ষ মানব সম্পদ গড়ে তোলা অত্যাাবশ্যিক। মূলত, উন্নয়ন শিক্ষা ও প্রশিক্ষণের দক্ষজনবল গড়ে তোলার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর তার জনবলের দক্ষতা বৃদ্ধির জন্য সরকার কর্তৃক ঘোষিত বার্ষিক ৬০ ঘন্টা প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক মানব সম্পদ উন্নয়নে ২০১৫-১৬ অর্থবছরে ৫৭ জন কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করেছে।

संज्ञानेन अस्मिन् सुखेन

বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)

ব্রিটিশ শাসনামলে ভারতবর্ষে বেশ কিছু ছাপাখানার মধ্যে পশ্চিম বাংলায় কোলকাতার আলিপুরে অবস্থিত বেঙ্গল গভর্নমেন্ট প্রেস উল্লেখযোগ্য। ১৯৪৭ সালে ভারত বিভাগের পর পাকিস্তান স্বাধীন রাষ্ট্রের প্রিন্ট-হাউস হিসেবে কোলকাতার বেঙ্গল গভঃ প্রেসের কিছু মুদ্রণ মেশিন ও জনবলসহ ঢাকার নাজিমউদ্দীন রোডে সেন্ট্রাল জেলের অভ্যন্তরে ইস্ট বেঙ্গল গভর্নমেন্ট প্রেসের প্রথম কন্ট্রোলার নিযুক্ত হন মিঃ সি,সি,ডানকান। ১৯৪৮ সারে প্রেসটি কয়েক মণ লেড-টাইপ মেটাল এবং দু'টি পুরাতন বাষ্পচালিত ছাপার মেশিন নিয়ে মুদ্রণ কাজ শুরু করে। পরবর্তীতে এটিকে ১৯৫৩ সালে তেজগাঁও শিল্পাঞ্চল এলাকায় স্থানান্তর করা হয়। ১৯৫৬ সালে ইস্ট পাকিস্তান গভর্নমেন্ট প্রেস (ইপিজিপি) হিসেবে পরিচিতির মাধ্যমে রাষ্ট্রীয় মুদ্রণ কাজে প্রেসটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। তখন এর লোকবল ছিল ১,৪০০ জন।

